# Bangladesh Securities and Exchange Commission

## NOTICE

**Dated, 22 June 2025**

The Bangladesh Securities and Exchange Commission (BSEC) hereby publishes the following draft amendment to the ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ in the newspaper as per requirement of উপধারা (১) of ধারা ১৭ of the ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), for eliciting public opinion, etc.

Opinion, advice or objection, if any thereon will have to be sent to the following address within two weeks from the date of publication of this Notice.

Address for sending opinion/advice or objection:

Chairman

Bangladesh Securities and Exchange Commission
Securities Commission Bhaban
E-6/C, Agargaon
Sher-e-Bangla Nagar Administrative Area
Dhaka-1207
Email: chairman@sec.gov.bd copy to: mehran@sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

আইন ডিভিশন

সিএমআরআরসি ডিপার্টমেন্ট

রেগুলেটরী সেকশন

www.sec.gov.bd


## প্রজ্ঞাপন

২২ জুন ২০২৫

নং- বিএসইসি/সিএমআরআরসিডি/২০২২-৪০৭/----/পিআরডি/---- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৭ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর নিম্নরূপ সংশোধন প্রস্তাব করা হলোঃ-

০১. তফসিল-৪ (ডিপজিটরি প্রদত্ত সেবার ফি) -এর ক্রমিক নং ৩ এর স্থলে নিম্নোক্তভাবে ক্রমিক নং ৩ দ্বারা প্রতিস্থাপিত হইবে, যথা—

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | নূন্যতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধকারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|
| ৩। | **বার্ষিক হিসাবরক্ষণ ফি** | ডিপজিটরি বিও হিসাব প্রতি বাৎসরিক হিসাবরক্ষণ ফি ১৫০/- টাকা আদায় করতঃ বিও হিসাব প্রতি ১০০/- টাকা ডিপজিটরি নিজে রেখে অবশিষ্ট ৫০/- টাকা কমিশনকে পরিশোধ করিবে। | ----- | ----- | অংশগ্রহণকারী হিসাবধারক/ মিলিত (Omnibus) হিসাবের প্রত্যেক বিনিয়োগকারী | বার্ষিক অগ্রিম {বার্ষিক হিসাব-রক্ষণ ফি প্রদানে ব্যর্থতার জন্য ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি যে সব হিসাবে সিকিউরিটি নাই তাহা বন্ধ করিয়া দিবে। যদি কোন হিসাবে সিকিউরিটি থাকে তবে ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি ফি (অতিরিক্ত কোন ফি প্রযোজ্য হইলে তাহা সহ) পরিশোধ না করা পর্যন্ত হিসাব সাসপেন্ড (Suspend) করিয়া রাখিবে।} |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন -এর আদেশক্রমে,

খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান।